

প্রথম আলো

জীবন বাঁচাতে জাকাত

থ্যালাসেমিয়ায় আক্রান্ত শিশুদের পাশে হৃদয়বান মানুষেরা

অনলাইন ডেস্ক

১৬ মে ২০২০, ১৪ :৩৬

আপডেট : ১৬ মে ২০২০, ১৫ :৪৯



জীবন বাঁচাতে
যাকাত

০১৭৫৫ ৫৮৭ ৪৭৯



বাংলাদেশ
থ্যালাসেমিয়া
ফাউন্ডেশন

বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন জাকাত ফান্ডে জাকাত দিয়ে থ্যালাসেমিয়ায় আক্রান্ত শিশুদের স্বপ্নগুলোকে বাঁচিয়ে রাখতে সাহায্য করুন। ছবি : বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন

মায়ের পৃথিবী আলোকিত করে রাখে লিজার হাসি। সেই হাসি ধরে রাখা যখন মায়ের পক্ষে দুঃসাধ্য হয়ে পড়ে, তখন দিনের আলোও ঘুটঘুটে অন্ধকার মনে হয়। বিক্রমপুরের ছোট্ট ফুটফুটে লিজা, মা বৃষ্টি আক্তারের একমাত্র সন্তান। ছয় মাস বয়সে থ্যালাসেমিয়া রোগ ধরা পড়ার পর থেকে হাসপাতালের সঙ্গে তার সখ্য। প্রতি মাসেই তাকে হাসপাতালে যেতে হয় রক্ত নেওয়ার জন্য। ডাক্তারদের সঙ্গে কথা হয়, নার্সদের সঙ্গে কথা হয়। সবাই তাকে খুব ভালোবাসে, যত্ন করে। এসব দেখে স্বপ্ন বুনতে শুরু করেছে সে, বড় হয়ে ডাক্তার হবে। থ্যালাসেমিয়া রোগীদের এ রকম স্বপ্নগুলোকে বাঁচিয়ে রাখতে কাজ করছে বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন।

সারা দেশ থেকে আসা ৩ হাজার ২০৫ জন থ্যালাসেমিয়া রোগীকে নিয়মিত চিকিৎসা দেয় এই অলাভজনক প্রতিষ্ঠানটি। প্রত্যেক থ্যালাসেমিয়া রোগীর মাসিক চিকিৎসা ব্যয় ৫ থেকে ১০ হাজার টাকা। বেশির ভাগ রোগীর পরিবারের পক্ষে এই পরিমাণ অর্থের সংস্থান করা সম্ভব হয় না। তাই জাকাত তহবিল তৈরি করে বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন দরিদ্র ও সহায়-সম্বলহীন রোগীর

পরিবারের পাশে দাঁড়িয়েছে। এই উদ্যোগকে কয়েক বছর থেকে সহায়তা করছে প্রথম আলো। গত বছর এ ফাউন্ডেশন ১ কোটি ৮৭ লাখ টাকা জাকাত সংগ্রহ করে ৪২৮ জন রোগীকে সারা বছর চিকিৎসা দিয়েছে।

জাকাতের আটটি খাতের মধ্যে থ্যালাসিমিয়া ফাউন্ডেশন শুধু প্রথম তিনটি খাত, অর্থাৎ ফকির, মিসকিন শ্রেণির রোগী এবং জাকাত আদায়ের ব্যয় বাবদ জাকাতের অর্থ ব্যয় করে। দরিদ্র মুসলমান রোগী যারা অর্থাভাবে চিকিৎসা নিতে পারছে না, তাদের জাকাত ফান্ড থেকে সাহায্য করা হয়।

বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশনের মহাসচিব ডা. মো. আবদুর রহিম বলেন, 'করোনার কারণে যদিও এ বছর জনজীবন বিপর্যস্ত, তার মধ্যেও আমরা সমাজের সর্বস্তরের মানুষের কাছ থেকে অভূতপূর্ব সাড়া পেয়েছি। ব্যক্তি দাতাদের পাশাপাশি আমাদের সঙ্গে যোগাযোগ করেছেন কিছু শিল্প, ব্যবসা ও সামাজিক প্রতিষ্ঠানও। প্রতিষ্ঠানের মালিক, কর্মকর্তা-কর্মচারীরা তাঁদের জাকাতের টাকা দান করেছেন আমাদের জাকাত তহবিলে। এ বছর এখন পর্যন্ত সংগ্রহ ১ কোটি টাকা। তবে আমাদের আরও সাহায্যের প্রয়োজন। গত বছর ৪২৮ জন রোগীর চিকিৎসা ধারাবাহিকভাবে চালিয়ে যাওয়ার পাশাপাশি আমাদের এ বছর নতুন রোগীদেরও সাহায্য করতে হবে।'

বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন জাকাত ফান্ডে জাকাত দিয়ে থ্যালাসেমিয়ায় আক্রান্ত শিশুদের স্বপ্নগুলোকে বাঁচিয়ে রাখতে সাহায্য করুন। এসব শিশুকে সাহায্য করার ঠিকানা : বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন (জাকাত ফান্ড), হিসাব নম্বর- ২০৫০১৪৫০১০০৫১৯৩১৫, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, মৌচাক শাখা, ঢাকা অথবা হিসাব নম্বর- ০১১৩০৯৯৪৮০২, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, গুলশান শাখা, ঢাকা।

অনলাইনে ভিসা, মাস্টারকার্ড, বা আমেরিকান এক্সপ্রেস কার্ডের মাধ্যমে দান করতে ভিজিট করুন-

www.thala.org/bd/qr। বিকাশ নম্বর ০১৯১১১৮৫১৫৯ -এ। পেমেন্ট অপশন এএন বকস্ট নম্বর

০১৭২৯২৮৪২৫৭১-এ "মার্চেন্ট পে" অপশন ব্যবহার করেও টাকা পাঠাতে পারেন।

ফাউন্ডেশনের জাকাত কার্যক্রম সম্পর্কে আরও জানতে ভিজিট করুন : <https://www.thais.org/zakat-for-life>

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০২০

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

প্রগতি ইনস্যুরেন্স ভবন, ২০-২১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৫৫০১২২০০, ৫৫০১২২১১ ইমেইল : info@prothomalo.com